বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**কৃষি ঋণ বিভাগ**

এসিডি সার্কুলার নং-০৩

তারিখঃ ০৯ শ্রাবণ, ১৪২৬
২৪ জুলাই, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

সম্প্রতি বাংলাদেশের উত্তরাঞ্চল ও হাওরাঞ্চলসহ বিভিন্ন জেলায় (কুড়িগ্রাম, বগুড়া, গাইবান্ধা, সিরাজগঞ্জ, শেরপুর, টাঙ্গাইল, জামালপুর, ফরিদপুর, শরীয়তপুর, রাজবাড়ী, মাদারীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, চাঁদপুর, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া, নীলফামারী, লালমনিরহাট, নেত্রকোণা, মৌলভীবাজার,) উজান হতে আসা পানি এবং ভারী বৃষ্টিপাতে সৃষ্ট আকস্মিক বন্যায় কৃষিজাত ফসলের ক্ষতি হওয়ায় এতদ্ঞ্চলের কৃষকগণ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছেন।

এমতাবস্থায়, উত্তরাঞ্চল ও হাওরাঞ্চলে সৃষ্ট আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবেলায় নিম্নোক্ত পদক্ষেপসমূহ আশু বাস্তবায়ন করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো ঃ

১) ক্ষতিগ্রস্থ অঞ্চলসমূহে কৃষকদের ক্ষতি কাটিয়ে উঠে কৃষি উৎপাদন কর্মকান্ড অব্যাহত রাখার লক্ষ্যে ফসল, মৎস্য ও প্রাণি সম্পদ খাতে প্রকৃত চাহিদা ও বাস্তবতার নিরিখে নতুন ঋণ বিতরণ;
২) পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ আদায় স্থগিতকরণ, সহজ কিস্তি আদায়ের মাধ্যমে ঋণ নিয়মিতকরণ/ ডাউন পেমেন্ট এর শর্ত শিথিলপূর্বক ঋণ পুনঃতফসীলীকরণ সুবিধা প্রদান;
৩) নতুন করে কোন সার্টিফিকেট মামলা না করে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অনাদায়ী ঋণসমূহ তামাদি হওয়া প্রতিবিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দায়েরকৃত সার্টিফিকেট মামলা গুলোর তাগাদা আপাততঃ বন্ধ রেখে সোলেনামার মাধ্যমে মামলার নিস্পত্তিকরণ;
৪) বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকগণ যাতে প্রকৃত চাহিদা মোতাবেক যথাসময়ে নতুন ঋণ সুবিধা গ্রহণ করতে পারেন এবং ঋণ পেতে কোনরূপ হয়রানির শিকার না হন সে বিষয়টি নিবিড়ভাবে তদারকি করা;
৫) এছাড়া ক্ষতিগ্রস্থ কৃষকদের পুনর্বাসনের লক্ষ্যে বসতবাড়ির আঙিনায় হাঁস-মুরগী ও গবাদী পশু পালন, গো-খাদ্য উৎপাদন ও ক্রয় এবং অন্যান্য আয় উৎসারী কর্মকান্ডে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

এ বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সংযোজিত ছকে আগামী ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হাবিবুর রহমান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩৮

সংযুক্ত ছক

**সাম্প্রতিক বন্যায় দেশের বিভিন্ন জেলায় ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদানঃ ২০১৯**

ব্যাংকের নামঃ

সময়কালঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | জেলার নাম | খাতের নাম | নতুন ঋণ গ্রহীতা কৃষকের সংখ্যা | নতুন ঋণ বিতরণের পরিমাণ | পুনঃতফসীলকৃত ঋণের সংখ্যা | পুনঃতফসীলকৃত ঋণের পরিমাণ | সোলেনামার মাধ্যমে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |